তারিখ : 10 SEP 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৫

দৈনিক
আমাদের সময়

# মৌলভীবাজারে স্কুল মাঠে শিক্ষা প্রকৌশল ভবনের ভিত্তিপ্রস্তর

**মৌলভীবাজার প্রতিনিধি ●**
মৌলভীবাজার সরকারি উচ্চ বিদ্যালয় শিক্ষার্থীদের বাধা উপেক্ষা করে গতকাল বেলা সাড়ে ১১টার দিকে বিদ্যালয় মাঠে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের জোনাল অফিস ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন স্থানীয় সংসদ সদস্য সৈয়দা সায়রা মহসীন। এর প্রতিবাদে ওই বিদ্যালয়ের শিক্ষার্থীরা মাঠে মানববন্ধন কর্মসূচি পালন করে এবং শিক্ষা প্রকৌশল ভবন মাঠে না করে অন্যত্র সরিয়ে নেওয়ার দাবি জানায়। শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের মৌলভীবাজার জোন অফিসের নির্বাহী প্রকৌশলী শেখ নাছিম রেজার সভাপতিত্বে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক কামরুল হাসান, পৌর মেয়র ফজলুর রহমান, চেম্বার অব কমার্স সভাপতি কামাল হোসেন ও স্থানীয় আওয়ামী লীগ নেতারা।